অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 30 মিলিয়ন মার্কিন ডলার আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল চ্যালেঞ্জ প্রতিযোগিতার বিজয়ীদের ঘোষণা করেছেন

লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রি REDC ভবিষ্যতের জন্য সাহসী, নতুন কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করতে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পাবে

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ উদ্যোগের রাউন্ড XIII এর অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রিকে 2023 এর 30 মিলিয়ন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল চ্যালেঞ্জ প্রতিযোগিতার (Regional Economic Development Council Challenge Competition) বিজয়ী হিসাবে ঘোষণা করেছেন। এই বছরের প্রতিযোগিতার বিজয়ী হিসাবে, লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রিতে REDC আবাসন সংকট মোকাবেলা করার জন্য সাহসী প্রকল্পগুলি বাস্তবায়ন এবং কর্মী উন্নয়ন প্রচেষ্টাকে শক্তিশালী করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্প অনুদান পাবে।

"নিউ ইয়র্কের REDC চ্যালেঞ্জ প্রতিযোগিতা হলো এমন উপায়গুলোর একটি যেখানে আমাদের স্টেট স্থানীয় লিডারদের তাদের কমিউনিটিগুলোকে রূপান্তরিত করা এবং তাদের অর্থনৈতিক সম্ভাবনার দ্বার খোলার শক্তি যোগাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই বছরের বিজয়ীরা আবাসন তৈরি করতে, আমাদের কর্মী বৃদ্ধি করতে এবং প্রতিভার ধারাকে শক্তিশালী করার জন্য প্রস্তাব তৈরি করেছে এবং স্টেটের বিনিয়োগের জন্য ধন্যবাদ, লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রি REDC তাদের সেই পরিকল্পনাগুলো বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় রিসোর্সগুলো পাবে।"

লেফটেন্যান্ট গভর্নর আন্তোনিও ডেলগাডো, আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের চেয়ারম্যান বলেন, "2023 REDC চ্যালেঞ্জ প্রতিযোগিতা আমাদের REDC-এর অব্যাহত শক্তি এবং উদ্ভাবন দক্ষতা প্রদর্শন করে। যখন তাদের অঞ্চলের জন্য গুরুত্বপূর্ণ সমস্যাগুলো সমাধানের দায়িত্ব দেওয়া হয়েছিল, তখন তারা উপলক্ষ্যটি তোলে ধরেছিল এবং কৌশলগুলো তৈরি করেছিল যা সফলতা প্রদান করবে। লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রিকে অভিনন্দন তাদের কর্মীদের উন্নয়ন এবং আবাসনের উপর বিজয়ী এন্ট্রিগুলোর পক্ষে ফোকাস করার জন্য – এর ফলে সকল নিউ ইয়র্কবাসী উপকৃত হবে।"

REDC রাউন্ড XIII উদ্যোগের অংশ হিসাবে, নিউ ইয়র্কের 10টি REDC-এর প্রত্যেকটি স্টেট জুড়ে মুখোমুখি হওয়া সাতটি চ্যালেঞ্জের মধ্যে একটি মোকাবেলার জন্য কৌশল এবং কার্যকর পদ্ধতি চিহ্নিত করেছে: কর্মী, আবাসন, জনসংখ্যা এবং প্রতিভা ধারা, ব্লাইট, পর্যটন, ইক্যুইটি এবং স্থায়িত্ব ও ক্লিন এনার্জি। বিজয়ী প্রস্তাবগুলো নিম্নে অন্তর্ভুক্ত:

- **লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের** পরিকল্পনা লং আইল্যান্ডে আবাসিক আবাসনের উল্লেখযোগ্য ঘাটতি মেটানো। প্রস্তাবিত লং আইল্যান্ড ফরোয়ার্ড কর্মসূচি স্থানীয় মিউনিসিপালিটিগুলোকে একটি যৌক্তিক উপায়ে এই সমস্যাটির সমাধান করতে টার্গেট করা উদ্দীপনার মাধ্যমে "শাবল রেডি" সাইট তৈরি করতে উৎসাহিত করতে চায়।
- **মোহক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের** পরিকল্পনা কর্মসংস্থানের বাধা দূর করার প্রচেষ্টাকে অগ্রাধিকার দিয়ে পর্যটন, কৃষি ব্যবসা এবং স্টেম (STEM)-নিবিড় শিল্পের জন্য এই অঞ্চলের ক্রমবর্ধমান চাহিদা মেটানো। কাউন্সিল এই অঞ্চল জুড়ে ইন্সটিটিউট ফর রুরাল ভাইটালিটি (Institute for Rural Vitality)-এর মাইক্রো-ক্রেডেনশিয়ালিং (Micro-Credentialing) কর্মসূচি, মোহক ভ্যালি কমিউনিটি কলেজ ((Mohawk Valley Community College)-এর ফাস্ট ট্র্যাক (Fast Track) কর্মসূচি এবং হিলসাইড ওয়ার্ক স্কলারশিপ সংযোগ (Hillside Work Scholarship Connection)-এর মতো প্রতিষ্ঠিত প্রোগ্রাম সহ সফল কর্মসূচিসমূহ যাচাই করতে 12টি ক্যাটালিস্ট প্রকল্প চিহ্নিত করেছে। মোহক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের প্রস্তাবে স্বল্প বয়সী শিক্ষার্থীদের সংশ্লিষ্ট করার এবং ক্রমবর্ধমান বিভিন্ন বয়সের-কর্মক্ষম জনসংখ্যার জন্য দ্বার উন্মুক্ত করার অনন্য সক্ষমতা সহ বেশ কয়েকটি প্রকল্প এবং সেইসাথে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের বাধা দূর করতে তৈরি করা প্রকল্পগুলোও অন্তর্ভুক্ত রয়েছে।
- **নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের** পরিকল্পনা এই অঞ্চলের অনন্য আঞ্চলিক কর্মী সম্পদ - ফোর্ট ড্রাম, নিউ ইয়র্কের বৃহত্তম একক-সাইট নিয়োগকর্তাকে পুঁজি করা। নেক্সট মুভ NY (Next Move NY) নামে একটি উদ্যোগের মাধ্যমে, নর্থ কান্ট্রি REDC-এর লক্ষ্য হল স্থানান্তরকারী সৈন্য এবং তাদের স্বামী/স্ত্রীদের ধরে রেখে আগামী 10 বছরে এই অঞ্চলের প্রত্যাশিত কর্মীর শূন্যতা পূরণ করা।

সেক্রেটারি অভ স্টেটের নেতৃত্বে স্ট্র্যাটেজিক ইমপ্লিমেন্টেশন অ্যাসেসমেন্ট টিম (Strategic Implementation Assessment Team) কর্তৃক দশটি প্রস্তাব মূল্যায়ন করা হয়েছিল। অন্যান্য মেম্বারদের মধ্যে ছিল/ছিলেন কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture & Markets), নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research & Development Authority), শ্রম বিভাগ (Department of Labor), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), ক্যানল কর্পোরেশন (Canal Corporation), বাড়ি ও কমিউনিটি নবায়ন (Community Renewal) এবং সেইসাথে সিনেটর মনিকা আর. মার্টিনেজ এবং সিনেটর শীন এম. রায়ান।

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অভ স্টেট রবার্ট জে. রদ্রিগেজ বলেন, "2023 REDC চ্যালেঞ্জ প্রতিযোগিতা নিউ ইয়র্ক স্টেটের মধ্যে অর্থনৈতিক উন্নয়ন এবং প্রবৃদ্ধিকে প্রভাবক করতে চায়। আমাদের গ্রেট এবং ভৌগলিকভাবে বৈচিত্র্যময় স্টেটের তিনটি অঞ্চলকে তাদের কমিউনিটির মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য নির্বাচিত করা হয়েছে। আমি লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রিকে তাদের পুরস্কার বিজয়ী সাবমিশন-অনুদানের জন্য অভিনন্দন জানাই। আবাসন, কর্মী উন্নয়ন এবং পর্যটনের উপর ফোকাসের মাধ্যমে, এই কৌশলগত বিনিয়োগগুলো কমিউনিটির অর্থনৈতিক ভিশনকে শক্তিশালী করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্কের সবচেয়ে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জগুলো দূর করে স্টেটের অর্থনীতি বৃদ্ধি এবং একটি টেকসই ভবিষ্যত নিশ্চিত করতে সাহায্য করবে। লং আইল্যান্ড, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রি অঞ্চলগুলো তাদের এলাকায় নিহিত চিত্তাকর্ষক কৌশলগত পরিকল্পনা তৈরি করেছে, যা চাকরির প্রশিক্ষণ এবং এমন বাড়িতে যেখানে নিউ ইয়র্কের বাসিন্দারা তাদের জীবন ও ক্যারিয়ারকে আশ্রয়স্থল করতে এবং বিকাশ করতে পারে সেখানে গুরুত্বপূর্ণ প্রবেশাধিকার তৈরি করবে।"

REDC উদ্যোগ 2011 সালে সূচনা হওয়ার পর থেকে 9,900টিরও বেশি প্রকল্পে 7.9 বিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে সহযোগিতামূলক, কমিউনিটি-চালিত অর্থনৈতিক উন্নয়ন সরবরাহের জন্য কাজ করতে দশটি REDC-এর মাধ্যমে, কমিউনিটি, ব্যবসা, একাডেমিক লিডার এবং জনসাধারণের সদস্যরা স্থানীয় অগ্রাধিকার এবং সম্পদ সম্পর্কে তাদের অনন্য জ্ঞান এবং বোঝাপড়া তুলে ধরেন।

এই বছর আঞ্চলিক কাউন্সিলগুলো তাদের কৌশলগত পরিকল্পনাগুলো পর্যালোচনা এবং হালনাগাদ করেছে, যা এই অঞ্চলের ভবিষ্যতের জন্য একটি অর্থনৈতিক ভিশন চিহ্নিত করে এবং প্রধান আঞ্চলিক সম্পদগুলোকে পুঁজি করার জন্য কৌশলগুলি প্রণয়ন করে। কাউন্সিলের কৌশলগত পরিকল্পনাগুলো অঞ্চলের জন্য অগ্রাধিকার প্রতিষ্ঠা করে এবং প্রধান শিল্পগুলোকে এগিয়ে নেওয়ার সুযোগগুলো চিহ্নিত করে। তারা তহবিল সুপারিশগুলো জানানো অব্যাহত রাখবে এবং ভিত্তি হিসাবে পরিষেবা দেবে যা সিদ্ধান্তগুলোকে গাইড করে এবং প্রতিটি অঞ্চলের প্রবৃদ্ধিকে সমর্থন করে। হালনাগাদ করা পরিকল্পনা প্রতিটি অঞ্চলের ওয়েবসাইটে পর্যালোচনা করা যেতে পারে, যা অ্যাক্সেস করা যেতে পারে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন